
41

দৈনিক ইত্তেফাক

তারিখ 20 OCT 1996
পৃষ্ঠা ... কলাম ...

# এইচএসসি ॥ রাজশাহী বোর্ডে পাসের হার ২৩·৪৭

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শনিবার) রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯৬ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ হইয়াছে। পাসের হার ২৩ দশমিক ৪৭। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লক্ষ ২০ হাজার ৭০৯। তন্মধ্যে ৯ হাজার ৯৬০ জন প্রথম, ১৮ হাজার ৫৯১ জন দ্বিতীয় এবং ৪ হাজার ৭৭৮ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। বিজ্ঞান শাখায় মোট পরীক্ষার্থী ছিল ২০ হাজার ৪৬৭। তন্মধ্যে ৩ হাজার ৫৮০ জন প্রথম, ৫ হাজার ৭৯০ জন দ্বিতীয় এবং ৪৩৩ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। পাসের হার ৪৭ দশমিক ৯০। মানবিক শাখায় মোট পরীক্ষার্থী ছিল ৮৮ হাজার ৮৯৬। তন্মধ্যে ১ হাজার ১৩৪ জন প্রথম, ১০ হাজার ৫৮৮ জন দ্বিতীয় এবং ৩ হাজার ৭৭০ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। পাসের হার ১৭ দশমিক ৪৩। বাণিজ্য শাখায় মোট পরীক্ষার্থী ছিল ১১ হাজার ৩৪৬। তন্মধ্যে ২৪৬ জন প্রথম, ২ হাজার ২১৩ জন দ্বিতীয় এবং ৫৭৫ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। পাসের হার ২৬ দশমিক ৭৪। বিজ্ঞান শাখার মেধা তালিকায় প্রথম হইয়াছে রাজশাহী সরকারী কলেজের মেধাবী ছাত্র হাসিবুর রহমান। ৪ বিষয়ে লেটারসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৯১৩। মানবিক শাখার মেধা তালিকায় প্রথম হইয়াছে তানোর ফজর আলী মোল্লা কলেজের ছাত্র কে,এম,এ মামুন খান চিশতি। ৪ বিষয়ে লেটারসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৮৫৯। বাণিজ্য শাখায় প্রথম হইয়াছে নাটোর জেলার বাগতিপাড়া কলেজের আব্দুল হামিদ। একটি বিষয়ে লেটারসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৭৭২।



মোঃ হাসিবুর রহমান



শ্যামলিমা সরকার